

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৯৫৩

সোনামুড়া, ২৫ ফেব্রুয়ারি, ২০২৪

সোনামুড়ায় ভার্চুয়ালি ইন্টিগ্রেটেড পাবলিক হেলথ ল্যাবরেটরির ভিত্তিপ্রস্তর স্থাপন  
দেশে এইমস হাসপাতালের সংখ্যাও বাড়ানো হচ্ছে : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ রাজকোট থেকে ভার্চুয়ালি সোনামুড়া মহকুমা হাসপাতালে ইন্টিগ্রেটেড পাবলিক হেলথ ল্যাবরেটরির ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। তাছাড়াও প্রধানমন্ত্রী এদিন ভার্চুয়ালি দক্ষিণ ত্রিপুরা জেলা হাসপাতাল ও ধলাই জেলা হাসপাতালে ইন্টিগ্রেটেড পাবলিক হেলথ ল্যাবরেটরির উদ্বোধন করেছেন। রাজকোটে এই ভার্চুয়ালি অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী ডা. মনসুখ মান্ডল্য, কেন্দ্রীয় স্বাস্থ্য প্রতিমন্ত্রী প্রফেসর এস পি সিং বাঘেল, কেন্দ্রীয় স্বাস্থ্য প্রতিমন্ত্রী তারতী প্রবীণ পাওয়ার প্রমুখ। ভার্চুয়ালি অনুষ্ঠানে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেন, দেশে এইমস হাসপাতালের সংখ্যাও বাড়ানো হচ্ছে। গত ১০ বছরে দেশে স্বাস্থ্য পরিষেবায় আমূল পরিবর্তন এসেছে। ১০ বছর আগে দেশে মেডিক্যাল কলেজ ছিল ৩৮০-৩৯০টি। এখন দেশে ৭০৬টি মেডিক্যাল কলেজ রয়েছে। প্রধানমন্ত্রী বলেন, দেশে এখন ১ লক্ষেরও বেশী ছাত্রছাত্রী প্রতিবছর এমবিবিএস পড়ার সুযোগ পাচ্ছে। উল্লেখ্য, ইন্টিগ্রেটেড পাবলিক হেলথ ল্যাবরেটরির মাধ্যমে দুটি পরীক্ষা, রোগ সনাক্তকরণ ও রোগের প্রাদুর্ভাব মোকাবিলা করার ব্যবস্থাপনা করা হবে। এর ফলে জেলা পর্যায়ে রোগ নিরীক্ষণ ও চিকিৎসা পরিষেবার উন্নয়ন ঘটবে। প্রাথমিকভাবে বিভিন্ন পরীক্ষাগারকে এক ছাদের নিচে নিয়ে আসা হবে। এতে সঠিক চিকিৎসা সুনিশ্চিত হবে।

মেলাঘরে সোনামুড়া মহকুমা হাসপাতালে ইন্টিগ্রেটেড পাবলিক হেলথ ল্যাবরেটরির ভিত্তিপ্রস্তর স্থাপন উপলক্ষ্যে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় সামাজিক ন্যায় ও ক্ষমতায়ণ প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক, সিপাহীজেলা জিলা পরিষদের সভাধিপতি সুপ্রিয়া দাস দত্ত, বিধায়ক কিশোর বর্মণ, মেলাঘর পুর পরিষদের চেয়ারপার্সন অনামিকা ঘোষ পাল রায় প্রমুখ।

\*\*\*\*\*